

এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু রোববার



ছবি: ফাইল

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৮ জুন ২০২৪ | ২২:৩২



চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে আগামী রোববার। এবার নকলমুক্ত পরিবেশে সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা নেওয়ার লক্ষ্যে ২৯ জুন থেকে ১১ আগস্ট পর্যন্ত সব কোচিং সেন্টার বন্ধ রাখার ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।

বন্যা পরিস্থিতির কারণে সিলেট বিভাগে ৮ জুলাই পর্যন্ত পরীক্ষা স্থগিত করা হয়েছে। ৯ জুলাই থেকে যে পরীক্ষাগুলো হওয়ার কথা ছিল, সেগুলো আগের রুটিন অনুযায়ী যথারীতি নেওয়া হবে।

UNIBOTS



-10:03

এবার ৯টি সাধারণ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের এইচএসসি/আলিম/এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল)/ ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষায় পরীক্ষার্থী ১৪ লাখ ৫০ হাজার ৭৯০ জন। এর মধ্যে ছাত্র ৭ লাখ ৫০ হাজার ২৮১ জন এবং ছাত্রী ৭ লাখ ৫০৯ জন। এবার কেন্দ্র ২ হাজার ৭২৫টি আর শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে ৯ হাজার ৪৬৩টি।

এ বছর ২০২৩ সালের তুলনায় পরীক্ষার্থীর সংখ্যা ৯১ হাজার ৪৪৮, প্রতিষ্ঠান ২৯৪টি এবং কেন্দ্র বেড়েছে ৬৭টি।

সাধারণ শিক্ষা বোর্ডের তত্ত্বীয় পরীক্ষা ১১ আগস্ট শেষ হবে। ব্যবহারিক পরীক্ষা ১২ আগস্ট শুরু হয়ে ২১ আগস্ট পর্যন্ত চলবে। ১১ আগস্ট মাদ্রাসা শিক্ষা বোর্ডের তত্ত্বীয় পরীক্ষা শেষে ব্যবহারিক পরীক্ষা চলবে ১২ আগস্ট থেকে ২১ আগস্ট পর্যন্ত। আর ১৮ জুলাই কারিগরি বোর্ডে তত্ত্বীয় পরীক্ষা শেষে ব্যবহারিক পরীক্ষা চলবে ১৯ জুলাই থেকে ৪ আগস্ট পর্যন্ত।

বিদেশে এবার এইচএসসি ও সমমানের পরীক্ষা মোট ২৮১টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। এসব কেন্দ্রের মধ্যে জেদ্দায় ৪৭, রিয়াদে ৪৩, ত্রিপুরাতে ২, দোহায় ৬৩, আবুধাবিতে ৪৪, দুবাইয়ে ২২, বাহরাইনে ৩৪ ও সাহাম ওমানে ২৬টি।